



“দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬০২(৩)

তারিখ : ১৭/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ২৫০০ মেগটন বোরো'১৭ সিদ্ধ চালের চলাচল উপ-সূচি।

সূত্র : চসসা বিভাগের ১৭/০৮/২০১৭ খ্রিঃ তারিখের ৬০১ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে জারীকৃত মূল সূচির প্রেক্ষিতে সড়কপথে বরাদ্দকৃত ২৫০০ মেগটন সংগৃহীত বোরো'১৭ সিদ্ধ চালের অপর পৃষ্ঠায় বর্ণিত ঠিকাদার ক্রমানুযায়ী চলাচল উপ-সূচি নির্দেশক্রমে জারী করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদরকী/নজরদারীতে চাল প্রেরণ করতে হবে।
- ২। প্রতি ট্রাক এ প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৪। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময়ে পাঠাতে হবে।
- ৫। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি এবং ডি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবশ্যই অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১০। এই সূচির মেয়াদ আগামী ২২/০৮/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার, খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি প্রদান হতে পারে এবং ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ১৭/০৮/২০১৭ খ্রিঃ

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া/সিরাজগঞ্জ।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬০২(৩)/৫০

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।

৬। ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি, ঢাকা।


৭। ম্যানেজার, (অপারেশন) বিআরটিসি, ট্রাক ডিপো, তেজগাঁও, ঢাকা।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তাএলএসডি।

৯। অফিস কপি।

১০। ই-মেইলে প্রেরণ।

১১। অফিস কপি।


উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

১৭.০৮.১৭

চলমান পাতা-২

